



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576




স্মারক নং-৩৭.১৬.০০০০.০০৯.৯৪.০০১.১৯-৬৪৬

তারিখ: ০৭ অক্টোবর ২০১৯খ্রিঃ

## স্ক্যানিং (প্রতি হাজারে পারিশ্রমিক) ও সার্টিং (দৈনিক ভিত্তিক) কাজে লোক নিয়োগের বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর ২০১৯ সালের জেডিসি এবং ২০২০ সালের দাখিল ও আলিম পরীক্ষা প্রক্রিয়াকরণ সংক্রান্ত বিভিন্ন প্রকার ওএমআর ফরম স্ক্যানিং (প্রতি হাজারে পারিশ্রমিক) এবং সার্টিং (দৈনিকভিত্তিক পারিশ্রমিক) কাজের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে স্ক্যানিং ও সার্টিং অপারেটর পদে প্যানেল তৈরির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীকে সাদা কাগজে তার জীবন বৃত্তান্তসহ মোবাইল নম্বর, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতা (যদি থাকে) সত্যায়িত ফটোকপি ও ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ আগামী ২৮.১০.২০১৯ তারিখের মধ্যে রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর আবেদন করতে হবে। সাক্ষাৎকার পত্রের জন্য আলাদা কোন পত্র দেয়া হবে না। যাদের সাক্ষাৎকার/পরীক্ষা গ্রহণ করা হবে তাদের নামের তালিকা আগামী ৩১.১০.২০১৯ তারিখ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের নোটিশ বোর্ডে প্রদর্শন করা হবে। উভয় পদের জন্য শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম উচ্চ মাধ্যমিক/সমমান পাশ হতে হবে। স্ক্যানিং ও সার্টিং অপারেটর পদের জন্য আলাদা আলাদা আবেদন করতে হবে। খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

প্রাথমিক বাছাইয়ের পর আগামী ০৩.১১.২০১৯ তারিখ সকাল ১০.০০ টা হতে সাক্ষাৎকার/পরীক্ষা গ্রহণ করা হবে। সাক্ষাৎকারের সময় অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতার মূল সনদ সঙ্গে আনতে হবে। সাক্ষাৎকার/পরীক্ষায় উপস্থিত হবার জন্য প্রার্থী কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবে না।


  
০৭.১০.১৯

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

  
০৭.১০.১৯